# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭২৩

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারীর মিস্‌ওয়াক করা।

## باب مَا جَاءَ فِي السِّوَاكِ لِلصَّائِمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَامِرِ بْنِ رَبِيعَةَ، عَنْ أَبِيهِ، قَالَ رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم مَا لاَ أُحْصِي يَتَسَوَّكُ وَهُوَ صَائِمٌ ‏.‏ قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ ‏.‏ قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَامِرِ بْنِ رَبِيعَةَ حَدِيثٌ حَسَنٌ ‏.‏ وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ لاَ يَرَوْنَ بِالسِّوَاكِ لِلصَّائِمِ بَأْسًا إِلاَّ أَنَّ بَعْضَ أَهْلِ الْعِلْمِ كَرِهُوا السِّوَاكَ لِلصَّائِمِ بِالْعُودِ الرَّطْبِ وَكَرِهُوا لَهُ السِّوَاكَ آخِرَ النَّهَارِ وَلَمْ يَرَ الشَّافِعِيُّ بِالسِّوَاكِ بَأْسًا أَوَّلَ النَّهَارِ وَلاَ آخِرَهُ وَكَرِهَ أَحْمَدُ وَإِسْحَاقُ السِّوَاكَ آخِرَ النَّهَارِ ‏.‏

বাংলা

৭২৩. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ...... আমির ইবনু রাবীআ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সিয়াম অবস্থায় এতবার মিস্‌ওয়াক করতে দেখেছি, যার সংখ্যা আমি গণনা করতে পারিনা। - ইরওয়া ৬৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৭২৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আমির ইবনু রাবীআ (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। এই হাদীস অনুমারে আলিমগণের আমল রয়েছে। তারা সিয়াম পালনকারীর জন্য মিস্‌ওয়াক করার কোন অসুবিধা আছে বলে মনে করেন না। তবে কতক আলেম কাঁচা ডাল দিয়ে মিস্‌ওয়াক করা এবং দিনের শেষভাগে মিস্‌ওয়াক করা মাকরূহ বলে মনে করেন। ইমাম শাফিঈ (রহঃ) দিনের শুরু বা শেষ কোন ভাগেই মিস্‌ওয়াক করার কোন দোষ আছে বলে মনে করেন না। ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) দিনের শেষভাগে মিস্‌ওয়াক করা মাকরূহ মনে করেন।

## English

Abdullah bin Amir bin Rabi'ah narrated from his father who said:
"I saw the Prophet - (a number of times) such that I was not able to count - using the Siwak while he was fasting."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আমির ইবনু রাবী'আহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17912

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন